

যুগান্তর

তারিখ... 2.9.MAY.2015...
পৃষ্ঠা... ২ ... কলাম... ২

কাল এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

যুগান্তর রিপোর্ট

এসএসসি ও সমমানের পরীক্ষার ফল আগামীকাল শনিবার প্রকাশ করা হবে। দুপুর ১টায় সংবাদ সম্মেলন করে পরীক্ষার ফল ঘোষণা করবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এর আগে সকাল ১০টায় গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফলের সারসংক্ষেপ তুলে ধরা হবে। দুপুরে ফল ঘোষণার পর ইন্টারনেট ও মোবাইলফোনে এসএসসির মাধ্যমে ফল জানা যাবে। ১ ফেব্রুয়ারি থেকে এসএসসি ও সমমানের পরীক্ষা শুরু হওয়ার কথা থাকলেও বিএনপি-
প্রকাশ : পৃষ্ঠা ১৬ : কলাম ২

প্রকাশ : পরীক্ষার ফল (১ম পৃষ্ঠার পর)

জামায়াত জোটের অবরোধ-হরতালের কারণে তা ৬ ফেব্রুয়ারি থেকে শুরু হয় হরতালের কারণে পিছিয়ে যায় এসএসসির সব পরীক্ষা। শুক্র-শনিবারে নেয়া হয় এসএসসি পরীক্ষার এসএসসির তৃতীয় পরীক্ষা ১০ মার্চ শেষ হওয়ার কথা থাকলেও তা শেষ হয় ৩ এপ্রিল।
যে কোনো মোবাইল অপারেটর থেকে এসএসসি করে এসএসসি ও সমমানের পরীক্ষার ফল জানা যাবে। এসএসসি লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম তিন অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে স্পেস দিয়ে ২০১৫ লিখে ১৬২২২ নম্বরে এসএসসি পাঠালে ফিরতি এসএসসি ফল জানা যাবে। এছাড়া শিক্ষা বোর্ডগুলোর ওয়েবসাইট <http://www.educationboardresults.gov.bd> থেকেও পরীক্ষার্থীরা ফল জানতে পারবেন। শিক্ষা প্রতিষ্ঠানগুলো www.educationboardresults.gov.bd ওয়েবসাইটে গিয়ে ফল ডাউনলোড করতে পারবে।
এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় ১৪ লাখ ৭৯ হাজার ২৬৬ জন পরীক্ষার্থী অংশ নিয়েছে। এসএসসিতে ১১ লাখ ১২ হাজার, দাখিলে ২ লাখ ৫৬ হাজার এবং বৃত্তিমূলক পরীক্ষায় ১ লাখ ১০ হাজার পরীক্ষা দিয়েছে।